

## ইরাকে নিহত সহকর্মীদের স্মরণে একটি শোকবই খোলেছে ঢাকাস্থ জাতিসংঘ তথ্য কেন্দ্র

জাতিসংঘ- বাংলাদেশের উদ্যোগে ইরাকে জাতিসংঘ মহাসচিবের বিশেষ প্রতিনিধি এবং মানবাধিকার বিষয়ক হাইকমিশনার সার্জিয়ো ভিয়েরা ডি মেলো এবং অন্যান্য জাতিসংঘ স্টাফ মেম্বারদের স্মরণে একটি শোকবই খোলা হয়েছে। ১৯ এ আগস্ট ২০০৩ তারিখে জনাব মেলো তার ১৭ জন সহকর্মীর সাথে বাগদাদে জাতিসংঘের প্রধান কার্যালয়ে গাড়ী বোমা বিস্ফোরণে নিহত হন। শোকবইটি সর্বসাধারণের জন্য ২০ থেকে ২৭ এ আগস্ট ঢাকাস্থ জাতিসংঘে তথ্যকেন্দ্র - ১৪ তলা, আই ডি বি ভবন, শের এ বাংলা নগর ঢাকায় উন্মুক্ত রাখা হয়েছে। যারা স্বশরীরে সাক্ষর করতে অসমর্থ হবেন তারা ই মেইল নং [info.unic@undp.org](mailto:info.unic@undp.org) অথবা ফ্যাক্স নং- ৮১১২৩৪৩ এর মাধ্যমে শোক বার্তা পাঠাতে পারবেন।

জনাব মেলোর স্মরণে বাংলাদেশে জাতিসংঘের পতাকা অর্ধনমিত রাখা হয়েছে। জাতিসংঘ স্টাফ এ্যাসোসিয়েশন বাংলাদেশ এ উপলক্ষে বিশেষ শোকসভার আয়োজন করে যেখানে জাতিসংঘ সংস্থাগুলোর প্রধানগণ এবং বিভিন্ন সময়ে জনাব মেলোর সহকর্মী হবার সুযোগ পেয়েছিলেন এরকম বিভিন্ন স্টাফগণ তাদের অভিজ্ঞতার কথা বর্ণনা দেন। জনাব য়োর্গেন লিসনার, বাংলাদেশে জাতিসংঘের আবাসিক প্রতিনিধি সকলকে সাথে নিয়ে নিহত ব্যক্তিবর্গের প্রতি সম্মান জানিয়ে এক মিনিট নিরবতা পালন করেন। উল্লেখ্য যে ব্রাজিলের অধিবাসী জনাব মেলো জাতিসংঘের উদ্বাস্ত বিষয়ক হাই কমিশেন (UNHCR) 'র একজন কর্মকর্তা হিসাবে ১৯৭১ থেকে ৭২ সাল পর্যন্ত বাংলাদেশে কর্মরত ছিলেন।

জাতিসংঘ মহাসচিব কফি আনান, তার প্রেরিত শোকবার্তায় বলেন, ডি মেলোকে হারানো জাতিসংঘের জন্য এক তিক্ত আঘাত। ডি মেলো মানতাবতার এক তুলনাহীন সেবক, যিনি ছিলেন সাথীদের দুর্দশা লাঘব, সংঘাত নিরসন এবং যুদ্ধ বিদ্রুপ সমাজ পুনর্গঠনে নিবেদিতপ্রাণ ব্যক্তি। মহাসচিব আরো বলেন- তাঁকে যারা তাকে হত্যা করেছে তারা শুধুমাত্র জাতিসংঘ নয় বরং স্বয়ং ইরাকের বিরুদ্ধেও দুষ্টকর্মে দৃঢ়প্রতিজ্ঞ।

\*\* \*\*\* \*\*